

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৯২৭

২০/ (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ জিহাদ ওয়াজেব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

আরবী

وَعَن أَبِي بَكْرِ بِنِ أَبِي مُوسَى الأَشْعَرِيِ قَالَ: سَمِعْتُ أَبِي وَهُوَ بَحَضْرَةِ الْعَدُوِ يَقُولُ: قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلاَلِ السُّيُوفِ فَقَامَ رَجُلُ رَثُ الْهَيْئَةِ فَقَالَ: يَا أَبَا مُوسَى أَأَنْتَ سَمِعْتَ رَسُولَ اللهِ عَلِيْ يَقُولُ هَذَا ؟ قَالَ: نَعَمْ فَرَجَعَ إِلَى أَصِحَابِهِ فَقَالَ: مَوْسَى أَأَنْتَ سَمِعْتَ رَسُولَ اللهِ عَلِيْ يَقُولُ هَذَا ؟ قَالَ: نَعَمْ فَرَجَعَ إِلَى أَصِحَابِهِ فَقَالَ: أَقُولُ مَوْسَى أَأَنْتَ سَمِعْتَ رَسُولَ اللهِ عَلِيْ يَقُولُ هَذَا ؟ قَالَ: نَعَمْ فَرَجَعَ إِلَى أَصِحَابِهِ فَقَالَ: وَالْمَالُونَ السَّلاَمَ ثُمَّ كَسَرَ جَفْنَ سَيْفِهِ فَأَلْقَاهُ ثُمَّ مَشَى بِسَيْفِهِ إِلَى الْعَدُو فَضَرَبَ بِهِ حَتَّى قُتِلَ رواه مسلم

বাংলা

(১৯২৭) আবূ বকর ইবনে আবূ মূসা আশআরী হতে বর্ণিত, তিনি বলেন, আমি আমার পিতা (রাঃ) কে এ কথা বলতে শুনেছি—যখন তিনি শক্রর সামনে বিদ্যমান ছিলেন—আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'শৈঃসন্দেহে জান্নাতের দ্বারসমূহ তরবারির ছায়াতলে রয়েছে।'' এ কথা শুনে রুক্ষ বেশধারী জনৈক ব্যক্তি দাঁড়িয়ে বলে উঠল, 'হে আবূ মূসা! আপনি কি আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে এ কথা বলতে শুনেছেন?' তিনি বললেন, 'হ্যাঁ। অতঃপর সে তার সঙ্গীদের কাছে ফিরে গেল এবং বলল, তোমাদেরকে বিদায়ী সালাম জানাচ্ছি।' অতঃপর সে তার তরবারির খাপটি ভেঙ্গে দিয়ে (নগ্ন) তরবারিটি নিয়ে শক্রর দিকে অগ্রসর হল এবং শক্রকে আঘাত ক'রে অবশেষে সে শহীদ হয়ে গেল।

ফুটনোট

(মুসলিম ৫০২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু বকর ইবন মূসা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন